মুজিবনগরে গুম-খুনে ক্ষতিগ্রস্ত পরিবারে বিএনপির ঈদ উপহার বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে মেহেরপুরের মুজিবনগরে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

উপজেলা বিএনপির কার্যালয়ে আয়োজিত এ কর্মসূচিতে ফ্যাসিস্ট শাসনামলে গুম, খুন ও নিহত পরিবারের সদস্যদের মাঝে এসব উপহার বিতরণ করা হয়। উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান আমিরুল ইসলামের নেতৃত্বে উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সুরুজ খান, উপজেলা বিএনপির সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম মাস্টার, বিএনপি নেতা রবিউল ইসলামসহ স্থানীয় নেতাকর্মীরা।

অনুষ্ঠানে বক্তারা বলেন, অসহায় ও ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ানো দলের মানবিক দায়িত্বের অংশ এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

হরিণাকুন্ডুতে এক হাজার অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ

পবিত্র ঈদুল ফিতরের আনন্দ ভাগাভাগি করে নিতে ঝিনাইদহের হরিণাকুন্ডুর ১ হাজার অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলার রঘুনাথপুর গ্রামে শের আলী ফাউন্ডেশনের

পক্ষ থেকে এ উপহার বিতরণ করা হয়। সেসময় গোল্ডেন এগ্রোভেটের ব্যবস্থাপনা পরিচালক জাহিদ হাসান, মান্দিয়া আইডিয়াল কলেজের অধ্যক্ষ রবজেল হোসেন, মান্দিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আব্দুর রশিদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। পরে ঈদের উপহার হিসেবে ওই এলাকার ১ হাজার পরিবারের মাঝে শাড়ী ও লুঙ্গি বিতরণ করা হয়।

ঈদের আনন্দ যেন সমাজের সকল স্তরের মানুষের মধ্যে সমানভাবে ছড়িয়ে পড়ে, সেই লক্ষ্যেই এই কার্যক্রম বলে জানান আয়োজকরা। ভবিষ্যতেও এ ধরনের মানবিক কার্যক্রম অব্যাহত রাখার আশ্বাস তাদের।

কুষ্টিয়ায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ

কুষ্টিয়ায় কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

বুধবার সকালে কুষ্টিয়া পুলিশ লাইন্সে পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারবর্গের মাঝে ঈদ শুভেচ্ছা ও উপহার সামগ্রী বিতরণ করা হয়।

বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের পক্ষ থেকে এই ঈদ শুভেচ্ছা ও উপহার প্রদান করা হয়।

অনুষ্ঠানে শহীদ পুলিশ সদস্যদের পরিবারের হাতে উপহার সামগ্রী তুলে দেন কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) শিকদার মো. হাসান ইমাম এবং অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) ফয়সাল মাহমুদ।

এ সময় কর্মকর্তারা বলেন, দেশের আইন-শৃঙ্খলা রক্ষা ও জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে গিয়ে যেসব পুলিশ সদস্য কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গ করেছেন, তাদের অবদান জাতি সবসময় শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। শহীদ পুলিশ সদস্যদের পরিবারকে বাংলাদেশ পুলিশ সবসময়

পাশে থাকবে বলেও তারা আশ্বাস দেন।

জেলার সাতজন শহীদ পুলিশ সদস্যের পরিবারের কাছে ঈদের শুভেচ্ছা বার্তাসহ খাদ্যসামগ্রী ও উপহার তুলে দেওয়া হয়।